দুরাভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

**মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা**

**কোলকাতা : ৭০০ ১২৯**

পত্রাঙ্ক নং - 

তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

**সভা নং - ১৫**
**তাং - ২৯।০৯।২০১৬**

**সময়ঃ বেলা ২.০০ টা**
**স্থানঃ পৌরসভা সভা কক্ষ**

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (১৪ নং)কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত।
(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) ADP সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৫) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৭) বিবিধ।

**উপস্থিতিঃ**

- পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
- উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

- শ্রীমতী ফরিদা বিবি
- মহঃ নজরুল ইসলাম
- মহঃ জুম্মান আলী
- শ্রীমতী মমতা রায় সেন
- শ্রী অমিত রায় চৌধুরী
- শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস
- শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- শ্রীমতী মীরা দাস
- শ্রী সনৎ বিশ্বাস
- শ্রী কিশোর কুমার রায়
- শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস
- শ্রীমতী ষষ্ঠী বৈরাগী
- শ্রী অরবিন্দ মিত্র
- শ্রী সুশান্ত রায়
- শ্রী আশীষ মল্লিক
- শ্রীমতী রাধারানী দত্ত
- মহঃ আব্দুল মান্নান
- শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
- শ্রীমতী আত্রেয়ী গুহ
- শ্রী শ্যামল দাশগুপ্ত
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- শ্রী প্রকাশ রাহা
- শ্রী নিমাই চন্দ্র ঘোষ
- শ্রীমতী সুতপা ব্যানার্জী
- শ্রীমতী সোমা মন্ডল
- শ্রীমতী দীপান্বিতা দত্ত

অন্যান্য উপস্থিতিঃ শ্রী নীরজ কুমার মুখার্জী- নির্বাহী আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে বিরোধী দলনেতা শ্রী সনৎ বিশ্বাস মহাশয় বলেন ১০ নং ওয়ার্ডের বোসবাগানে ভরাট করা পুকুরের মধ্যে পৌরসভার টাকায় বাড়ী তৈরী হচ্ছে। পৌরসভা যদি এই ধরনের অনুমতি দেয় তাহলে অন্যকে কিভাবে আটকানো যাবে।আরো বলেন ২৪ নং ওয়ার্ডের সর্দারপাড়ার একটি পুকুরে এবং ২৫ নং ওয়ার্ডের মেঠোপাড়া দক্ষিনে গ্রীন বার্ড কে.জি.স্কুলের পাশে একটি বড় পুকুরে প্রতিদিন পৌরসভার জঞ্জাল সাফাইকারীরা ভ্যানে করে জঞ্জাল ফেলছে। ফলে পুকুর দুটি ভরাট হচ্ছে। বিষয় তিনটির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য পৌরপ্রধানের দৃষ্টি আকর্ষন করেন।

২৪নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রীমতী সুতপা ব্যানার্জী বলেন তাঁর ওয়ার্ডে কোন পুকুর ভরাট হচ্ছে না। তদন্তের দাবী করেন।

২৫ নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রীমতী সোমা মন্ডল বলেন সম্পুর্ন ভুল কথা। সাফাই কর্মীরা কোন ধরনের জঞ্জাল পুকুরে ফেলে না। আরো বলেন ৯নং ওয়ার্ডে অনেক পুকুর ভরটা হচ্ছে। তদন্তের দাবী করেন।

১০নং ওয়ার্ডের কাউন্সিলর শ্রী অরবিন্দ মিত্র বলেন আগে যখন আপনারা পৌরবোর্ড পরিচালনা করতেন তখন পুকুর ভরাট হয়েছিল। আমি TAX করার ফর্মে স্বাক্ষর করিনি। ভর্তি হওয়া মাটি তুলে ফেলার দাবী করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় উপরোক্ত তিনটি বিষয়ে বলেন কার্য্যনির্বাহী আধিকারিক তদন্ত করে রিপোর্ট দিলে ব্যবস্হা নেওয়া হবে।

১৯ নং ওয়ার্ডের কাউন্সিলর Noai Canel & Upper Stream Canel পরিষ্কারের বিষয়ে জানতে চান ও একটি গার্ডওয়াল তৈরীর প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Irrigation দপ্তর কে বলা হয়েছে খুব সম্ভবত পূজার পর কাজ শুরু করবে।

শ্রী সনৎ বিশ্বাস বলেন বানীকন্ঠ খালের পাড় দখল হচ্ছে। ইঁটের গাঁথনি করে ঘর তৈরী হচ্ছে। ব্যবস্হা নেওয়ার অনুরোধ করেন।

২নং ওয়ার্ডের কাউন্সিলর নজরুল ইসলাম বলেন ইঁটের গাঁথনি নেই। কিছু বাঁশের দোকান আছে।

পৌরপ্রধান পারিষদ শ্রী প্রকাশ রাহা বলেন জায়গার অভাবে Van Rickshaw লাইসেন্স দেওয়া যাচ্ছে না। থানার আধিকারিক বলেছেন তারা ২০-২৫ টার বেশী Van রাখতে পারবে না। বাকী জায়গা দেখতে হচ্ছে। কালীপূজার পর ব্যবস্হা নেওয়া হবে বলে জানান।

শ্রীমতী দীপান্বিতা দত্ত বলেন ডেঙ্গু মশার উপদ্রব বাড়ছে। মানুষ আক্রান্ত হচ্ছেন। স্বাস্থ্যকর্মীদের যেভাবে বাড়ী বাড়ী গিয়ে তদন্ত ও সচেতনতা প্রচার করা দরকার ছিল তা করেনি।

পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হলেও তা ভয়াবহ আকার ধারন করে নি। স্বাস্থ্য দপ্তরের কর্মীরা ভীষন পরিশ্রম করেছে। কাউন্সিলররা শুধু অভিযোগ করছেন। আপনারা ওয়ার্ড কমিটিকে তদারকি করতে বলুন। তা সত্ত্বেও আরো ভালভাবে বিষয়টি দেখা দরকার বলে জানান।

শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস বলেন লেবারদের পারিশ্রমিক বৃদ্ধি পেয়েছে। কাউন্সিলর ফান্ড বাড়ানোর জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন বিষয়টি বিবেচনাধীন। আগামী বাজেট পর্যন্ত অপেক্ষা করতে হবে।

শ্রী আশীষ মল্লিক বলেন তাঁর ওয়ার্ডে যে ব্যাঙ্ক আছে সেটি দ্বিতলে অবস্থিত। বয়স্ক মানুষদের পেনশন নিতে দ্বিতলে উঠতে সমস্যা হচ্ছে। নীচে যদি দেওয়ার ব্যবস্থা হয় তাহলে তারা উপকৃত হতেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ব্যাঙ্ক কোথায় অফিস করবে এটা তাদের ব্যাপার আমাদের কিছু করনীয় নেই।

শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান পুরনো রেশন কার্ডে দ্রব্যাদি পাচ্ছে না। নতুন ও Transfer Card করা কবে থেকে শুরু হবে তা জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন পুরনো কার্ডে দ্রব্যাদি পাবে। নতুন কার্ড এখন হচ্ছে না। সমস্ত কার্ড বন্টন হয়ে গেলে শুরু হবে বলে জানান। আরো বলেন old age pensioner দের আগামী দিনে online payment হবে বলে শোনা যাচ্ছে। সমস্যা তৈরী হতে পারে। August মাস পর্যন্ত টাকা দেওয়া হয়েছে। পূজার আগে হয়ত কিছু দেওয়া যাবে বলে জানান।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন ওয়ার্ডের যেখানে ধস নেমেছিল সেখানে কাজ হয়েছে। Railway -র Underpass তৈরীর বর্তমান পরিস্থিতি জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন বিষয়টা পৌরসভার নয়। যতটা শুনেছি Contractor কাজ করতে চায় নি। নতুন design হয়েছে। Tender হবে শীঘ্রই।

শ্রী অমিত রায় চৌধুরী বলেন দোলতলায় যে সুলভ শৌচালয় আছে তার ট্যাঙ্কের উপর দোকান বসেছে। উঠানোর জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন পৌরসভার কাছে এরকম কোন report আসে নি। থাকলে উঠানোর ব্যবস্থা নেওয়া হবে।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বিগত সভার (১৪ নং) কার্য্যবিবরনী অনুমোদনের প্রস্তাব দেন এবং বলেন ২নং আলোচনায় "খ" সিদ্ধান্তে "গাড়ী রাখার শেড করার জন্য" কথাটির জায়গায় "শেড সংস্কার" কথাটি লেখা হবে এবং বিবিধ আলোচনার ৩নং সিদ্ধান্তে pump operator বিজয় বোস এর জায়গায় বিজয় ঘোষ লেখা হবে।

সভায় উপস্থিত সকল সদস্য কোন আপত্তি বা মতামত না জানানোয় মাননীয় পৌরপ্রধানের দেওয়া সংশোধনী প্রস্তাব সহ গত সভার(১৪ নং) বাকী সমস্ত সিদ্ধান্ত অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) পৌরএলাকার মধ্যে কোন Multistoried Building অনুমোদনের ক্ষেত্রে ন্যুনতম জমির পরিমান ৪ কাঠার স্থলে ৩.৫ কাঠা নির্দ্ধারিত হল।

(২) পৌরএলাকার মধ্যে Construction এর ক্ষেত্রে নক্সা তৈরীর জন্য দুটি ভাগে (Class I & II) LBS দের তালিকা নির্দ্ধারন করা হল যাহা Executive Engineer, MED, Barasat দ্বারা অনুমোদিত।

Class - I এর ক্ষেত্রে LBS দের তালিকাঃ-

| Sl. No. | Name | Security Money | Renewal Fees |
|---|---|---|---|
| 1 | PRADIP KUMAR BANERJEE | 10000.00 | 5000.00 |
| 2 | SUSANTA BHATTACHARYYA | 10000.00 | 5000.00 |
| 3 | TAPAN KUMAR MONDAL | 10000.00 | 5000.00 |
| 4 | ASHOKE KUMAR DAS | 10000.00 | 5000.00 |
| 5 | PARITOSH DEB | 10000.00 | 5000.00 |
| 6 | GOUTAM MAJUMDER | 10000.00 | 5000.00 |
| 7 | SARATHI MUKHOPADHYAY | 10000.00 | 5000.00 |
| 8 | RAJU ROY | 10000.00 | 5000.00 |
| 9 | SUJIT KUMAR SEN | 10000.00 | 5000.00 |
| 10 | SANJAY BASU | 10000.00 | 5000.00 |
| 11 | RUPENDRA NATH CHOWDHURY | 10000.00 | 5000.00 |
| 12 | BIBHAS BOSE | 10000.00 | 5000.00 |
| 13 | ASHOKE DEB | 10000.00 | 5000.00 |
| 14 | ARNAB KUMAR DAS | 10000.00 | 5000.00 |
| 15 | NETAI CHAND RUDRA | 10000.00 | 5000.00 |
| 16 | SURAJIT BHOWMICK | 10000.00 | 5000.00 |
| 17 | MOUMITA MAJUMDER (GHOSH) | 10000.00 | 5000.00 |
| 18 | ARCHAN MAJUMDER | 10000.00 | 5000.00 |

Class -I I এর ক্ষেত্রে LBS দের তালিকাঃ-

| Sl. No. | Name | Security Money | Renewal Fees |
|---|---|---|---|
| 1 | SANDIP MAJUMDER | 5000.00 | 2500.00 |
| 2 | SANDIP GHOSH | 5000.00 | 2500.00 |
| 3 | PARTHA SARATHI KUNDU | 5000.00 | 2500.00 |
| 4 | BIDYUT KUMAR GHOSH | 5000.00 | 2500.00 |
| 5 | BABLU DUTTA | 5000.00 | 2500.00 |
| 6 | SOMA DUTTA | 5000.00 | 2500.00 |
| 7 | SHANKAR GUHA | 5000.00 | 2500.00 |
| 8 | SAJAL KUMAR DUTTA | 5000.00 | 2500.00 |
| 9 | HASANUJJAMAN | 5000.00 | 2500.00 |
| 10 | DIPIKA MAJUMDER | 5000.00 | 2500.00 |
| 11 | KOUSHIK GHATAK | 5000.00 | 2500.00 |

(৩) ADP সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

(১) মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী ADP (2016-17) অনুমোদিত হল। ADP (2016-17) অনুযায়ী জনসংখ্যার ভিত্তিতে নিম্নলিখিত হারে অর্থ বরাদ্দ করা হল যাহা OWN Pro Poor তহবিল হতে ব্যয় করা হবে।

| ওয়ার্ড নং | বরাদ্দকৃত অর্থ (টাকা) | ওয়ার্ড নং | বরাদ্দকৃত অর্থ (টাকা) |
|---|---|---|---|
| 1 | 1119428.00 | 15 | 689477.00 |
| 2 | 798080.00 | 16 | 829947.00 |
| 3 | 797697.00 | 17 | 1071882.00 |
| 4 | 816053.00 | 18 | 862451.00 |
| 5 | 1195654.00 | 19 | 784696.00 |
| 6 | 837213.00 | 20 | 575647.00 |
| 7 | 1268566.00 | 21 | 517012.00 |
| 8 | 1371688.00 | 22 | 827780.00 |
| 9 | 761496.00 | 23 | 559969.00 |
| 10 | 813376.00 | 24 | 916625.00 |
| 11 | 769782.00 | 25 | 1017708.00 |
| 12 | 1010315.00 | 26 | 976026.00 |
| 13 | 1059135.00 | 27 | 842949.00 |
| 14 | 1094954.00 | 28 | 814396.00 |

এছাড়াও ADP (2016-17) তে নিম্নলিখিত কাজে অর্থ বরাদ্দ করা হলঃ-

| Name of Work | Amount(Rs.) | Fund |
|---|---|---|
| Building (Repair & Maintenance) | 6000000.00 | 4th SFC |
| Beautification (Jessore Rd & Sodepur Rd.) | 9000000.00 | 4th SFC |
| PWD Reserved Fund (Road, Drain & Ors) | 20000000.00 | 4th SFC - Rs. 1.5 Cr & Own Pro Poor- Rs. 0.5 Cr |

(৪) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

শ্রী সনৎ বিশ্বাস বলেন পানীয় জলের সমস্যা ভীষন। ১ ঘন্টা পরে জল থাকে না। বিভিন্ন জায়গায় এমন সমস্যা হচ্ছে । প্রতিকারের ব্যাবস্থা নেওয়ার জন্য প্রস্তাব দেন।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন ২ - ৩ দিন আগে জল চালু হয়েছে। বেশ কিছু গলিতে জল পড়ছে না। পূজার আগে সমস্যা সমাধানের জন্য প্রস্তাব দেন।

শ্রী প্রল্হাদ দত্ত মহাশয় বলেন বিষয়টি আমাদের জানা আছে। KMDA Engineer দের সাথে যোগাযোগ করেছি। তাঁরা আসছেন । সমাধান হবে। জল না পড়লে Pump চালানোর নির্দেশ দেওয়া আছে বলে জানান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন জল Pump গুলোর ভিতরে চলে আসছে। কিছু জায়গায় ইতিমধ্যে Non Return Valve লাগানো হয়েছে। Connection এখনও চলছে।Line Wash হচ্ছে। যতক্ষন না জল সরবরাহ স্বাভাবিক হচ্ছে ততক্ষন পর্যন্ত Pump ও চলবে বলে জানান। সমস্যা সমাধানে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান ।

শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্ন লিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) মধ্যমগ্রাম চৌমাথা থেকে সাঝিরহাট অবধি ডিভাইডারে প্রায় ২০০ আলো পরিবর্তন করে প্রথম পর্যায়ে চৌমাথা থেকে ব্রীজ পর্যন্ত ৫০টি 110w LED light ক্রয় করার জন্য Tender No. MM/EL/Chair/NIT/2247/16-17 DT.26.08.2016 তে ৯০০০০০.০০ টাকা অনুমোদিত হলো। যা 4th S.F.C. (16-17) fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

(২) ওয়ার্ড নং-২৭ এবং ২৮নং ওয়ার্ডে 72w LED light দিয়ে আলোকিতকরণের উদ্দেশ্যে একটি e-tender করা হয়েছিল। কাগজপত্র ঠিক থাকলে Tender No : WBMAD/MM/NIT-02e/2016-17/1 dt.01.09.2016 অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। MLA & MP fund থেকে খরচ হবে। বিশেষভাবে বলা যায় যে MP ফান্ডের টাকা সঙ্কুলিত হওয়ার ফলে বাকি ৬৪৯৮৯৫টাকা Municipal fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

(৩) 25w LED Driver ক্রয় বাবদ Tender No : MM/EL/Chair/NIT/2268/16-17 dt.30.08.2016-তে Rs.160300.00 টাকা 14th F.C (15-16) fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

(৪) ওয়ার্ড ইলেকট্রিশিয়ানদের পূজা বোনাস ১৫০০টাকা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

(৫) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী এখন প্রতিটি ওয়ার্ডে ২৫টি করে Philips make 25w LED light ক্রয়ের উদ্দেশ্যে একটি e-tender করা Vide e-Tender title : WBMAD/MM/NIQ-01e/16-17/1 dt. 01.09.2016 অনুমোদিত হলো, যা খরচ বাবদ Rs.23,83,500.00টাকা অনুমোদিত ADP, 4th S.F.C (16-17) fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। আরও বলা যায় যে ষ্টোরে গচ্ছিত C.F.L Set গুলি 35w/45w LED লাইটে রুপান্তরিত করে পর্যায়ক্রমে প্রতিটি ওয়ার্ডে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো। ঐ লাইট ক্রয়ের জন্য Tender No : MM/EL/Chair/NIQ/2433/16-17 dt.20.09.2016 অনুমোদিত হলো। যা Pro-poor own/ 4TH SFC (16-17) fund থেকে খরচ করা হবে।

(৬) প্রয়োজনের ভিত্তিতে 10SQMM তার ক্রয় বাবদ আদেশনামা MM/EL/Chair/Sup.ord/2173/16-17 dt18.06.2016তে অনুমোদিত Rs.214500.00 টাকা ADP, Pro-poor own (16-17) fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

(৭) অফিস, সারদা হোস্টেল ও নেতাজী সুভাষ চন্দ্র বোস হাসপাতালের লিফটের সংস্কারের কাজের জন্য Tender No. MM/EL/Chair/NIT/2209/16-17 dt. 23.08.2016 এবং তার আদেশনামা MM/EL/Chair/WO/2432/16-17 dt.20.09.2016তে Rs 3,95,000.00 টাকা Pro-poor own (16-17) fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হলো।

(৫)    জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১)    ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজন ভিত্তিতে মশা নিধনকারী তেল Spray ও Fogging করা হবে। এছাড়াও চুন ও ব্লিচিং পাউডার ছড়ানো হবে। সমগ্র ব্যয় পৌরতহবিল হতে করা হবে।

(২)    দুর্গাপূজার আগে সমগ্র পৌরএলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখবার জন্য প্রত্যেক ওয়ার্ডে ৮ বস্তা চুন ও ১ ড্রাম ব্লিচিং পাউডার ছড়ানো হবে।ওয়ার্ড পরিষ্কার ও চুন ও ব্লিচিং পাউডার ছড়ানোর জন্য প্রত্যেক ওয়ার্ডে ৮০ জন করে শ্রমিক বরাদ্দ করা হল। এছাড়াও প্রয়োজনের ভিত্তিতে দপ্তরগত ভাবে সোদপুর রোড, বাদু রোড, যশোহর রোড (নতুন ও পুরানো) পরিষ্কার করার ব্যবস্থা নেওয়া হবে।

(৩)    নির্মল বাংলা অভিযান বাস্তবায়নের জন্য যে অর্থ ব্যয় হয়েছে তাহা অনুমোদিত হল।

(৬)    কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়কঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত কমার্শিয়াল বিল্ডিং প্ল্যানগুলি অনুমোদিত হলঃ

186,689,610,441,808,766,1100,745,389,258,556,50,1244,
383,42,790,813,696,791,57,772,822,828,662,725,560,1518

(৭)    বিবিধঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত ও অনুমোদিত হলঃ

(১)    জমি / বাড়ীর কর নির্দ্ধারনের ক্ষেত্রে Development Fees - Deed Value ৫০০০০.০০ টাকার উপর হলে ১% (এক শতাংশ)এর জায়গায় Deed Value ৫০০০০০.০০ টাকার উপর হলে ১% (এক শতাংশ) হারে নির্দ্ধারিত হবে।

(২)    প্ল্যান বহির্ভূত বাড়ীর কর নির্দ্ধারনের ক্ষেত্রে Conversion Fees 460.00 টাকা / বর্গমিটার এর স্হলে ২৫০.০০ টাকা / বর্গমিটার নির্দ্ধারিত হল।

(৩)    পৌরএলাকার যে সমস্ত জমির মালিকেরা জমির পৌরকর নির্দ্ধারন করেননি সেই সমস্ত জমির পৌরকর নির্দ্ধারন করা হবে ব্যাক্তিগত আবেদনের ভিত্তিতে। আবেদনপত্র দপ্তরগত পর্যবেক্ষনের পর মাননীয় পৌরপ্রধান Case to Case পর্যবেক্ষন করে মতামত জ্ঞাপন করবেন।

(৪)    বি.পি.এল. পরিবারভুক্ত ০৯ জন মৃত ব্যক্তির পরিবারের পক্ষ থেকে National Family Benefit Scheme (NFBS) প্রকল্পে এককালীন অনুমোদনের জন্য যে আবেদনপত্রগুলি জমা হয়েছে তা অনুমোদিত হল এবং উক্ত আবেদন পত্রগুলি মাননীয় জেলাশাসক , উত্তর ২৪ পরগনা এবং SUDA -র কাছে প্রয়োজনীয় ব্যবস্হা নেওয়ার জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৫) আবেদনের ভিত্তিতে ও স্থানীয় কাউন্সিলরদের মতামতের উপর আলোচনা করে নিম্নলিখিত আবেদনকারীদের নামে Occupier Tax করার সিদ্ধান্ত গৃহীত হলঃ-

(ক) সুজিত বিশ্বাস, বিধানপল্লী, ওয়ার্ড - ২৪,
জমির পরিমান - ১ কাঠা ৬ ছটাক ৩ বঃফু (৪৫০ বঃফুঃ ঘর সহ)

(খ) অমলেন্দু বেরা, লোকনাথ নগর, ওয়ার্ড - ৫,
জমির পরিমান - ১ কাঠা ৫ ছটাক (৫৩৭ বঃফুঃ ঘর সহ)

(গ) নারায়ন ঘোষ, পূর্বাচল,ওয়ার্ড - ১৪,
জমির পরিমান - ১ কাঠা ২ ছটাক (৩০৪ বঃফুঃ ঘর সহ)

(ঘ) শিবু দত্ত, পূর্বাচল,ওয়ার্ড - ১৪,
জমির পরিমান - ১ কাঠা ২ ছটাক (২২৫ বঃফুঃ ঘর সহ)

(৬) Notice No. MM/Chair/2352/2016-17, dt. 09.09.2016 অনুযায়ী পৌরসভার সমস্ত ধরনের গাড়ীর চালক নিয়োগের যে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল তার ভিত্তিতে Practical Test ও Interview নেওয়ার পর যে ১০ (দশ) জনকে নিয়োগ করা হবে তার তালিকা নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| (১) | অশোক মন্ডল, | পিতা-নিকুঞ্জ মন্ডল |
| (২) | অচিন্ত্য দাস, | পিতা-নিধুবন দাস |
| (৩) | জয়ন্ত সেনগুপ্ত, | পিতা-যুগল সেনগুপ্ত |
| (৪) | সমীর ভট্টাচার্য্য, | পিতা- স্বপন ভট্টাচার্য্য |
| (৫) | তরুন বিশ্বাস, | পিতা-শচীন্দ্রনাথ বিশ্বাস |
| (৬) | পলাশ মজুমদার, | পিতা- প্রদীপ মজুমদার |
| (৭) | নাপল পাল, | পিতা- স্বর্গীয় প্রদীপ পাল |
| (৮) | পিযুষকান্তি ঘোষ, | পিতা-মিহির কুমার ঘোষ |
| (৯) | রাম ছেত্রী, | পিতা - গোপাল ছেত্রী |
| (১০) | মহসিন আলী, | পিতা-আসরফ আলী |

(৭) SUDA র নির্দেশনামা 414/2008/(Part - IV), dt. 19/06/15 অনুযায়ী ৪৩৭২ জন বেনিফিসিয়ারীদের আধার নং, রেশন কার্ড, ভোটার কার্ড নংও ব্যাঙ্ক অ্যাকাউন্ট নং uploading এর জন্য Santoshima Net Com কে যে Work Order MM/Chair/1289/1/2016-17, dt. 05/04/2016 দেওয়া হয়েছিল তাহা অনুমোদিত হল।

(৮) DLB-র Memo No. 255/DLB/P-226/15-95 (Hospital), dt. 01/03/2016 অনুযায়ী পৌরহাসপাতালে ৪৬ টি অনুমোদিত পদে কর্মী নিয়োগের Selection Committee গঠন করা হবে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের H & FW Department এর নির্দেশিকা অনুযায়ী । এছাড়াও পৌরসভার অফিসে অনুমোদিত শুন্যপদে (২০ টি)কর্মী নিয়োগের Selection Committee গঠন করা হবে West Bengal Municipal Employees (Recruitment) Rules, 2005 অনুযায়ী Group A,B,C এবং D পদে।

(৯) মশা বাহিত রোগ প্রতিরোধে আরো দ্রুত করার লক্ষে ৮টি (আট) Van Fog - Fog Generating Machine ক্রয় করা হবে। সমস্ত ব্যয় পৌরতহবিল হতে করা হবে।

(১০) পৌরসভার কমিশন ভিত্তিক কর আদায়কারীদের প্রত্যেককে পূজা উপলক্ষে ৩৪০০.০০ টাকা করে অনুদান দেওয়া হবে।

(১১) পৌরএলাকার মধ্যে অবস্থিত স্কুলের Mid Day Meal রাধুনীদের প্রত্যেককে পূজা উপলক্ষে ৭৫০.০০ টাকা করে অনুদান দেওয়া হবে।

(১২) শিশু শিক্ষা কেন্দ্রের সহায়িকাদের প্রত্যেককে পূজা উপলক্ষে ১৫০০.০০ টাকা করে অনুদান দেওয়া হবে।

(১৩) পৌরসভার অস্থায়ী Electric Mistry, Tubewell Mistry , IPP Sub Centre এর Cleaner, Computer Telephone Cleaner , শ্মশানের repoter দের প্রত্যেককে পূজা উপলক্ষে ১৫০০.০০ টাকা করে অনুদান দেওয়া হবে।

(১৪) House For All প্রকল্পে যে সমস্ত Councillor এখনও নাম পাঠাননি তাঁদেরকে আগামী ১লা October শনিবারের মধ্যে নাম জমা দিতে হবে। এরপর আর কোন নাম জমা নেওয়া হবে না।

(১৫) দুর্গাপূজা ও কালী পূজার পর ঠাকুর বিসর্জনের জন্য প্রত্যেকবার যে সমস্ত কর্মসূচী গ্রহণ করা হয় এবারও সেই সমস্ত ব্যবস্থা পৌরসভার পক্ষ থেকে করা হবে। সমস্ত ব্যয় পৌরসভা থেকে করা হবে।

(১৬) অখিল ভারতীয় আদিবাসী বিকাশ পরিষদের আবেদন অনুযায়ী তাঁদেরকে পৌরতহবিল হতে যে ৩৫০০০.০০ টাকা অনুদান দেওয়া হয়েছে তা অনুমোদিত হল।

(১৭) Govt. of West Bengal, Deptt. of Municipal Affairs এর Memo No. 105/MA/O/C - 4/3R - 14/2015, dt. 26/02/2016 অনুযায়ী Building Rule এর Ammendment সংক্রান্ত বিষয়টি অনুমোদিত হল এবং কার্য্যকরী করার সিদ্ধান্ত গৃহীত হল।

(১৮) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা তহবিলসহ অনুমোদিত হল।

(i) MM/2410/Electric/15/2016-17,dt. 10/08/16,
Amount - 195270.00, Fund :Pro poor Own (2016 - 17)

(ii) MM/2413/Consrvancy/08/2016 - 17, dt. 17/08/2016
Amount : 128000.00, Fund : Own Fund (2016 - 2017)

(iii) MM/2414/Conservancy/09/2016-17, dt. 17/08/2016
Amount : 145000.00,
Fund : Suda-Health/65 (Pt-VII/14/71(124), dt. 29/07/2016 - 144500.00 &
Own Fund 16 - 17 - 500.00

(iv) MM/2418/Prining/21/2016-17, dt. 09/09/2016
Amount : 25000.00, Fund : Own Fund (2016 - 17)

(v) MM/2420/Conservancy/10/2016-17, dt. 17/09/2016
Amount : 226250.00, Fund : Own Fund (2016 - 17)

(vi) MM/2422/Electric/18/2016-17, Dt. 21/09/2016
AMount : 235000.00, Fund : Pro Poor Own (2016 - 17)

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas